



Advocates for Children of New York

Protecting every child's right to learn

ইংরেজি ভাষার শিক্ষার্থীবৃন্দ এবং বিশেষ শিক্ষা

এই টিপ শিট সেসব মা-বাবাদের জন্য যাদের সন্তানেরা ইংরেজি শিখছে এবং যারা মনে করে তাদের সন্তানের বিশেষ শিক্ষার প্রয়োজন হতে পারে। নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে যেসব শিশুরা ইংরেজি শিখতে সাহায্য করার সেবা পাচ্ছে এবং একই সাথে যাদের বিশেষ শিক্ষারও প্রয়োজন রয়েছে, তারা দুই ধরনের সেবা পাওয়ার অধিকার রাখে।

দ্বিভাষিক বিশেষ শিক্ষা কী ?

দ্বিভাষিক বিশেষ শিক্ষা হল কিছু সেবা ও সাপোর্টের সমষ্টি যা এমন একজন শিক্ষার্থীকে প্রদান করা হয় যাকে ইংরেজি ভাষার শিক্ষার্থী (**ইএলএল**) হিসেবে চিহ্নিত করা হয় এবং একই সাথে যার কোন অক্ষমতা রয়েছে। দ্বিভাষিক বিশেষ শিক্ষায় বিভিন্ন সেবা অন্তর্ভুক্ত যেমন **দ্বিভাষিক বিশেষ শিক্ষা ক্লাসরুম**, যেখানে শিশুদেরকে ইংরেজি ও তাদের নিজস্ব ভাষায় শিক্ষা দেওয়া হয়, এবং **দ্বিভাষিক সংশ্লিষ্ট সেবা**, যেমন দ্বিভাষিক স্পিচ ল্যাঙ্গুয়েজ থেরাপি বা শিক্ষার্থীর নিজস্ব ভাষায় কাউন্সেলিং। যেসব শিক্ষার্থী এসবের যোগ্য হবে, তাদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (**আইইপি**) দ্বিভাষিক বিশেষ শিক্ষা সেবার সুপারিশ করবে।

শিক্ষার্থীদের বিশেষ শিক্ষা সেবা ও ইএলএল সেবার উভয়ই পাওয়ার অধিকার রয়েছে। মা-বাবাদেরকে কখনও যেকোন একটি বা অন্যটি বাছাই করার জন্য জোর করা বা অনুরোধ জানানো যাবে না।

আমার সন্তান কীভাবে দ্বিভাষিক বিশেষ শিক্ষা সেবার জন্য যোগ্য হবে ?

প্রথম ধাপ হিসেবে আপনার সন্তানকে **দ্বিভাষিক বিশেষ শিক্ষা মূল্যায়নের** জন্য বসতে হবে। এরপর আপনার সন্তানের আইইপি টিম নির্ধারণ করবে সে এসব সেবার জন্য উপযুক্ত কিনা। যদি আপনার সন্তানের এরই মধ্যে আইইপি থেকে থাকে এবং আপনি মনে করেন যে আপনার সন্তান এসব সেবা দ্বারা উপকৃত হবে, তাহলে আপনি আপনার সন্তানের আইইপি মিটিংয়ে এজন্য অনুরোধ জানাতে পারেন। আইইপি টিম নির্ধারণ করে দেখতে পারে যে আপনার সন্তানের জন্য তার নিজস্ব ভাষায় **দ্বিভাষিক বিশেষ শিক্ষা ক্লাসরুম** বা **সংশ্লিষ্ট সেবার** প্রয়োজন আছে কিনা। মনে রাখবেন: মা-বাবারাও আইইপি টিমের অংশ।

দ্বিভাষিক বিশেষ শিক্ষা মূল্যায়ন কী ?

দ্বিভাষিক মূল্যায়ন ইংরেজি ও আপনার সন্তানের নিজস্ব ভাষায় সম্পন্ন করা হবে এমন একজন দ্বারা যে দুই ভাষাতেই পারদর্শী। যদি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (**ডিওই**) কোন দ্বিভাষিক ক্লিনিশিয়ান না পায়, তাহলে একজন দোভাষীকে ব্যবহার করা হবে। যদি আপনার সন্তানের প্রধান ভাষা ইংরেজি না হয়ে থাকে তাহলে মা-বাবা হিসেবে দ্বিভাষিক বিশেষ শিক্ষা মূল্যায়নের অনুরোধ জানানোর অধিকার আপনার রয়েছে। যে সকল শিশু ইএলএল হিসেবে চিহ্নিত তাদেরকে ইংরেজি ও তাদের নিজস্ব ভাষা দুটোতেই অবশ্যই মূল্যায়ন করতে হবে।

আইন মোতাবেক ডিওইকে আইইপি মিটিংয়ে যেসব মা-বাবার নিজস্ব ভাষা ইংরেজি নয় তাদের জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে হবে।

কীভাবে আমি দ্বিভাষিক মূল্যায়নের অনুরোধ করতে পারি ?

দ্বিভাষিক মূল্যায়নের জন্য যা জরুরি তা হল মা-বাবাদের পক্ষ থেকে একটি লিখিত অনুরোধ পেশ করা, তা তাদের সন্তানের স্কুলে নিয়ে আসা এবং যেদিন অনুরোধ করা হয়েছে সেই তারিখের উল্লেখ সহ লিখিত অনুরোধের অনুলিপি নিজেদের সংরক্ষণের জন্য রেখে দেওয়া। আইন মোতাবেক আপনার পক্ষ থেকে মূল্যায়নের অনুরোধ করার **৬০ স্কুল দিবসের** মধ্যে ডিওইকে অবশ্যই আপনার সন্তানের দ্বিভাষিক মূল্যায়ন সম্পন্ন করতে হবে।

দ্বিভাষিক বিশেষ শিক্ষা ক্লাসরুম কী ?

দ্বিভাষিক বিশেষ শিক্ষা ক্লাসরুম হল আইইপি আছে এমন ইএলএলদের জন্য একটি ক্লাসরুম যেখানে ইংরেজি ও শিশুর নিজস্ব ভাষায় শিক্ষা দেওয়া হয়ে থাকে। এটি হতে পারে একটি ইন্টিগ্রেটেড কো-টিচিং ক্লাস (আইসিটি) বা ছোট কোন বিশেষ ক্লাস। এই দ্বিভাষিক প্রোগ্রাম হতে পারে কোন **দ্বৈত ভাষা প্রোগ্রাম** বা কোন **ট্রানজিশনাল দ্বিভাষিক প্রোগ্রাম**। উভয় প্রোগ্রামেই শিশুরা অ্যাকাডেমিক দক্ষতা শিখতে পারবে এবং সেই সাথে তাদের নিজস্ব ভাষাতেও সেবা পাবে। যদি আপনি এমন প্রোগ্রাম খুঁজে পেতে চান যা আপনার সন্তানের প্রয়োজন পূরণ করতে পারে, তাহলে আপনি এনওয়াইসির ডিওই এর অফিস অফ বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশনে ইমেইল করতে পারেন এই ঠিকানায় BSEprograms@schools.nyc.gov।

এনওয়াইসির
স্কুলগুলোতে সীমিত
সংখ্যক দ্বিভাষিক
বিশেষ শিক্ষা
ক্লাসরুম রয়েছে।

দ্বিভাষিক সংশ্লিষ্ট সেবা কী ?

আপনার সন্তান তার শিক্ষাগত প্রয়োজন পূরণের জন্য দ্বিভাষিক সংশ্লিষ্ট সেবা পেতে পারে। **দ্বিভাষিক সংশ্লিষ্ট সেবায় অন্তর্ভুক্ত থাকতে পারে:** স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপি, শারীরিক থেরাপি, বৃত্তিমূলক থেরাপি, কাউন্সেলিং ও বিশেষ শিক্ষার শিক্ষকদের জন্য তাদের নিজস্ব ভাষায় সাপোর্ট সেবা (এসইটিটিএস)। এছাড়াও শিক্ষার্থীদের জন্য প্যারাপ্রফেশনাল নামক একজন ব্যক্তিকে নিযুক্ত করা যেতে পারে যে শিক্ষার্থীর প্রয়োজন যেমন যাতায়াত, আচরণ, স্বাস্থ্য ও সেই সাথে দোভাষী সেবার দায়িত্বে থাকবে।

যদি আমার সন্তানের আইইপি দ্বিভাষিক বিশেষ শিক্ষার সুপারিশ করে এবং আমার সন্তানের স্কুলে সেই সেবা উপলব্ধ না থাকে ?

আপনার সন্তানের স্কুলে যদি এমন সেবা উপলব্ধ না থাকে, তাহলে সে অন্য স্কুলে **স্থানান্তরিত** হতে পারবে যেখানে দ্বিভাষিক বিশেষ শিক্ষা বা দ্বিভাষিক ক্লাসরুম রয়েছে। আপনাকে স্কুলে জানাতে হবে যে আপনি এই স্থানান্তর করতে চান। আপনি ডিওইকে ইমেইলও করতে পারেন এই ঠিকানায় BSEprograms@schools.nyc.gov। যদি স্থানান্তর করা সম্ভব না হয়, তাহলে আপনার সন্তানকে একটি ইংরেজি বিশেষ শিক্ষা ক্লাসে দেওয়া হতে পারে এবং তার পক্ষে দোভাষী হিসেবে ক্লাসে একজন **দ্বিভাষিক প্যারাপ্রফেশনালকে** নিযুক্ত করা যেতে পারে। অন্যদিকে, ডিওই আপনার সন্তানের জন্য একটি স্কুল খোঁজা অব্যাহত রাখবে এবং পাশাপাশি আপনার সন্তান ইংলিশ অ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ (ইএনএল) সেবা পেতে থাকবে।

সংশ্লিষ্ট সেবার অনুমোদন

সকল স্কুল শিশুর ভাষায় সংশ্লিষ্ট সেবা প্রদান নাও করতে পারে। এমতাবস্থায় ডিওই আপনার সন্তানের জন্য একটি সংশ্লিষ্ট সেবার অনুমোদন (আরএসএ) এর ব্যবস্থা করতে পারে যার মাধ্যমে স্কুলের বাইরে দ্বিভাষিক সেবা পাওয়া যাবে। আরএসএ এর মাধ্যমে মা-বাবারা এসব সেবা প্রদানের জন্য একজন স্বতন্ত্র সেবাদাতা নির্বাচন করতে পারবে এবং ডিওই তার খরচ বহন করবে।

এনওয়াইসির স্কুলগুলোতে
সীমিত সংখ্যক দ্বিভাষী
ক্লিনিশিয়ান রয়েছে,
যেমন স্পিচ থেরাপিস্ট
ও মনোবিদ।

আপনার কী আরও প্রশ্ন রয়েছে ?

অনুগ্রহ করে জিল চাইফেতস এডুকেশন হেল্পলাইনে কল করুন

প্রতি সোমবার থেকে বৃহস্পতিবার • সকাল ১০টা থেকে বিকাল ৪টার মধ্যে
১-৮৬৬-৪২৭-৬০৩৩ (টোল ফ্রি)

এই ফ্যাক্ট শিট কোন আইনী উপদেশ নয়। এএফসির মতামত উল্লেখ করা ছাড়াই এই ফ্যাক্ট শিট হল বিদ্যমান নীতি বা আইনের সারমর্ম তুলে ধরার একটি প্রচেষ্টা। আপনার কোন আইনী জটিলতা তৈরি হলে অনুগ্রহ করে একজন আইনী প্রতিনিধি বা উকিলের সাথে যোগাযোগ করুন।

কপিরাইট © ডিসেম্বর ২০১৭ অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক কর্তৃক সংরক্ষিত।